

এসএসসি ও দাখিল পরীক্ষায় ফলাফল বিপর্যয়

গাইবান্ধায় ৬০টি হাইস্কুল ও মাদ্রাসার এমপিও বাতিলের নোটিস

গাইবান্ধা সংবাদপত্র। শিক্ষক-
দের দায়িত্বহীনতা, বিগত এসএস-
সি ও দাখিল পরীক্ষার ফলাফল
বিপর্যয়ের দরুন গাইবান্ধা জেলার
৬০টি হাইস্কুল ও মাদ্রাসার এমপিও
বাতিলের নোটিস দেয়া হয়েছে।
শিক্ষা বিভাগ সূত্রে জানা যায়, বিগত
এসএসসি ও দাখিল পরীক্ষায়
উল্লেখিত ৬০টি শিক্ষা প্রতিষ্ঠানের
অধিকাংশের একজন ছাত্রও পাস করেন
এছাড়া বিগত ৩ বছরের ফলাফলেও
ক্রি সর্ব শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষা অধি-
দপ্তর নির্ধারিত শতকরা ১০ ভাগ
অর্জন করতে পারেনি। মাধ্যমিক ও

উচ্চ মাধ্যমিক অধিদপ্তরের মহাপরি-
চালকের নির্দেশে রংপুর অঞ্চলের
উপরিচালক ওইসব শিক্ষা প্রতি-
ষ্ঠানের কাছে ১৫ দিনের মধ্যে
ফলাফল বিপর্যয়ের সংশোধনক
অবাব চেয়েছেন। উল্লেখিত পত্র
জেলার ২০টি উচ্চ মাধ্যমিক বিদ্যা-
লয় ও ৪০টি দাখিল মাদ্রাসার
বিরুদ্ধে কৈফিয়ত তলব করা
হয়েছে। এর মধ্যে সদর উপজে-
লায় ৪ টি বিদ্যালয় ও ৩টি মাদ্রাসা,
হুন্দরগঞ্জে ৮টি বিদ্যালয় ও ১৮ টি
মাদ্রাসা, পাদুল্যাপুরে ২টি বিদ্যালয়,
পলাশবাড়ীতে ৬টি বিদ্যালয়,
গোবিন্দগঞ্জে ৬টি বিদ্যালয় ও ৯০টি
মাদ্রাসা, সাঘাটায় ১টি বিদ্যালয় ও
১টি মাদ্রাসা এবং কুলছড়ি উপজে-
লায় ১ টি মাদ্রাসা রয়েছে।